শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

যীশুর অলৌকিক কাজ

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অভিযোজন: E. Frischbutter; Sarah S.

অনুবাদক: Manab Biswas

Alastair Paterson

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

যীশু অনেক অলৌকিক কাজ করেছিলেন। যীশুর অলৌকিক কাজের দ্বারা এ প্রকাশ হয় যে, যীশু ঈশ্বরের পুত্র ছিলেন। প্রথম অলৌকিক ঘটনা ঘটে এক বিয়ে বাড়ির ভোজেতে। সেখানে এক সমস্যা দেখা দিল। সকলের জন্য পর্যাপ্ত দ্রাক্ষারস ছিল না।

যীশুর মা মরিয়ম, যীশুকে এই সমস্যার কথা বলল। তারপর চাকরদের বলল যীশু যা আদেশ করে, তাই কর।



যীশু বললেন, “এই পাত্রগুলি জল দিয়ে ভর।” তারা বোধহয় জিজ্ঞাসা করেছিল, “জল?” হ্যাঁ, যীশু জল ভরতে বলেছিলেন।

যীশু তখন এক চাকরকে বললেন, একটা বড়ো পাত্র থেকে
দ্রাক্ষারস নিয়ে বিবাহ ভোজের
মালিককে দাও। জল
দ্রাক্ষারসে পরিণত
হল। ভালো দ্রাক্ষারস!
সবচেয়ে ভালো
দ্রাক্ষারস।

চাকররা অবাক। যীশু জলকে দ্রাক্ষারসে পরিণত করলেন। একমাত্র ঈশ্বরই এই অলৌকিক কাজ করতে পারেন।

যীশু আর একটি অলৌকিক কাজ করলেন। এক সন্ধ্যেবেলায় তিনি আর তার শিষ্যরা পিতরের বাড়িতে গিয়েছিলেন। পিতরের শ্বাশুড়ির জ্বর হওয়াতে খুব অসুস্থ ছিল।

যীশু সেই অসুস্থ মহিলার হাত স্পর্শ করলেন। কিছুক্ষণের মধ্যে তিনি আবার সুস্থ হলেন। যীশু ও তাঁর শিষ্যদের সেবা করার জন্য তিনি উঠে বসলেন।

মনে হচ্ছিল যে, শহরের সমস্ত লোক তাদের দরজার সামনে জড়ো হয়েছে। অনেক অসুস্থ মানুষ এসেছিল - অন্ধ, বোবা, কালা, ল্যাঙড়া এসেছিল। এমনকি ভূতগ্রস্ত লোকেরাও তাদের মধ্যে থাকত। সবাইকে কি তিনি সাহায্য করতেন?

ঈশ্বরের পুত্র যীশু সাহায্য করতে পারেন। যীশু সাহায্য করেছেন। যতজন তাঁর কাছে আসত, তিনি সবাইকে সুস্থ করতেন। যে সমস্ত লোকেরা সারা জীবন লাঠির উপর ভর দিয়ে চলেছিল, তারা এখন হাঁটতে, লাফাতে পারছে।

এছাড়া কুষ্ঠরোগে কুৎসিত ব্যক্তিরাও এসেছিল।

যীশু সুস্থ
করাতে, তারা
সম্পূর্ণ সুস্থ
হয়েছিল।

ভূতগ্রস্ত মহিলা ও পুরুষেরা যীশুর সামনে দাঁড়িয়েছিল। তিনি ভূতদের আদেশ করেছিলেন, যেন তাদের ছেড়ে যায়।



ভূতরা যখন
তাঁর কথা
মান্য
করেছিল,
তখন ভীত,
অখুশি
মানুষেরা
শান্ত ও
আনন্দে
পরিণত
হয়েছিল।



চারজন মানুষ জনতার পেছন দিয়ে তাদের বন্ধুকে যীশুর কাছে আনার সাহায্য করছিল। কিন্তু তারা আসতে পারছিল না, তারা কী করবে?

অসুস্থ মানুষটিকে তারা ছাদের উপরে নিয়ে গেল। চার বন্ধুরা ছাদটা খুলে তাকে নিচে নামিয়ে দিল। সে এখন যীশুর খুব কাছে।

যীশু সেই চার বন্ধুর বিশ্বাস দেখলেন৷

তিনি অসুস্থ লোকটিকে
বললেন, “তোমার
পাপ ক্ষমা করা
হল৷ তোমার
বিছানা নাও, আর
হেঁটে বেড়াও৷”
লোকটি ভালো ও
শক্ত হয়ে দাঁড়িয়ে
উঠল৷ যীশু তাকে
সুস্থ করেছিলেন৷

এর কিছুক্ষণ পর যীশু
তাঁর শিষ্যদের নিয়ে
নৌকায় চড়লেন। সমুদ্রে
এক ভয়ঙ্কর ঝড় উঠল।
যীশু ঘুমাচ্ছিলেন।

ভীত শিষ্যরা তাঁকে
উঠালেন, তারা কাঁদতে
কাঁদতে বলল, “প্রভু
আমাদের বাঁচান,
আমরা মারা যাব।”

যীশু ঢেউকে আদেশ দিলেন, “শান্ত হও।” ক্ষণিকের মধ্যে সমুদ্র শান্ত হয়ে গেল। শিষ্যরা ফিসফিস করে বলতে লাগল, “ইনি কেমন মানুষ। ঝড় ও সমুদ্রও এঁনার কথা মানে।”



তারা বিশ্বাস করেছিল যে, যীশু ঈশ্বরের সন্তান, কারণ তাঁর অলৌকিক কাজ তাঁর গৌরব প্রকাশ করে। শিষ্যরা জানত না যে, তারা এর থেকে আরও বড়ো অলৌকিক কাজ দেখতে চলেছে, যখন তিনি মানুষের মধ্যে ঈশ্বরকে সেবা করবেন।



যীশুর অলৌকিক কাজ

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ৮-৯; মার্ক ১-২; লুক ৮; যোহন ২

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬